

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌ-পরিবহন মন্ত্রণালয়  
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ  
সংস্থাপন শাখা  
www.cpa.gov.bd  
বন্দর, চট্টগ্রাম-৪১০০

স্মারক নম্বর: ১৮.০৪.০০০০.১৮১.২৫.০১২.১৮.১২৫

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৬

০৫ আগস্ট ২০১৯

বিষয়: জনাব মোঃ গাউছুল আজম, ইসিএম চালক এর পবিত্র ধর্মীয় স্থান আজমীর শরীফ জেয়ারতের জন্য ভারত গমনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: ০৪/০৮/২০১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী কার্যালয়ের ১৯/০৬/২০১১ তারিখের পরিপত্র নং-০৩.০৬৯.০২৫.০৬.০০.০০৩.২০১১-১৪৪(৫০০) অনুসারে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের যান্ত্রিক বিভাগে কর্মরত জনাব মোঃ গাউছুল আজম, ইসিএম চালক এর পবিত্র ধর্মীয় স্থান আজমীর শরীফ জেয়ারতের জন্য ভারত গমনের লক্ষ্যে আগামী ১৪/০৮/২০১৯ইং বা প্রকৃত ভ্রমণের তারিখ হতে ৩০ দিনের জন্য বহিঃ বাংলাদেশ ছুটি (অর্জিত ছুটি) নিম্নরূপ শর্তে মঞ্জুর করা হলো:-

- ক) বিদেশ গমনের জন্য যথাযথ কর্তৃপক্ষ হতে যথাবিধি ছুটি ও ছাড়পত্র নিতে হবে;
- খ) প্রস্তাবিত ভ্রমণের সমুদয় ব্যয়ভার আপনি নিজে বহন করবেন, এ ব্যাপারে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের বা সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- গ) ভ্রমণকালীন সময়ে বেতন-ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- ঘ) নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না।

২। বর্ণিত ভ্রমণে সফর সংগী হিসাবে থাকবে তার স্ত্রী মিসেস পাপিয়া পারভীন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইহা জারী করা হলো।

২৫

৮-৮-২০১৯

মোঃ মমিনুর রশিদ  
পরিচালক

প্রাপকঃ মোঃ গাউছুল আজম, ইসিএম চালক, যান্ত্রিক  
বিভাগ, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৮.০৪.০০০০.১৮১.২৫.০১২.১৮.১২৫/১(৬)

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৬

০৫ আগস্ট ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী (ই এ্যান্ড এম) এর দপ্তর, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।
- ৩) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেন্টার, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।